

ঢাকা কলেজ : ছাত্র ও কর্তৃপক্ষ মুখোমুখি

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা কলেজ কর্তৃপক্ষ এবং ছাত্ররা এখন মুখোমুখি অবস্থানে।

কর্তৃপক্ষের বিভিন্ন অনিয়ম, দুর্নীতি এবং ছাত্রদের সমস্যা সমাধানে অনীহা অভিযোগে তারা অবিলম্বে অধ্যক্ষ ও উপাধ্যক্ষের অপসারণ দাবি করেছে। তাদের দাবির সমর্থনে বিভিন্ন কর্মসূচি ঘোষণা করেছে। দাবি বাস্তবায়ন না হলে কলেজে অনির্দিষ্টকালের জন্য তালা লাগিয়ে দেয়াসহ

মুখোমুখি : পৃঃ ৭ কঃ ৭

মুখোমুখি : কর্তৃপক্ষ (১ম পৃষ্ঠার পর)

বিভিন্ন সিদ্ধান্ত ঘোষণা করেছে।

আজ বৃহস্পতিবার ছাত্ররা শিক্ষামন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ করবে।

অধ্যক্ষ জাহানারা বেগম এবং উপাধ্যক্ষ শামসুল হুদার বিরুদ্ধে বিভিন্ন অভিযোগের পরিপ্রেক্ষিতে বিক্ষুব্ধ ছাত্ররা গত মঙ্গলবার কলেজ ক্যাম্পাসে ভাঙচুর করে। তারা অধ্যক্ষের দপ্তরসহ বিভিন্ন ভবনের জানালা-দরজা ভাঙচুর করে।

সাধারণ ছাত্রদের অভিযোগ ও দাবির সাথে একাত্মতা ঘোষণা করেছে ঢাকা কলেজ ক্যাম্পাসের সকল ছাত্র সংগঠন। আন্দোলনের সমর্থনে তারা সর্বদলীয় ছাত্রত্রিকা পরিষদ গঠন করেছে।

কলেজ কর্তৃপক্ষ পুলিশি সহায়তা নিয়ে ছেন। ক্যাম্পাসে পর্যাপ্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।